



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রতিরক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ জরিপ অধিদপ্তর

সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ এর দপ্তর

<http://www.sob.gov.bd>

তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা ১২০৮



স্মারক নম্বর: ২৩.০৮.০০০০.০০৪.৫৩.০০১.১৭.৬৬১

তারিখ: ২৭ অগ্রহাষণ ১৪২৮

১২ ডিসেম্বর ২০২১

বিষয়: **উত্তম চর্চা (Best Practices) বিষয়ক প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: বাংলাদেশ জরিপ অধিদপ্তরের স্মারক নম্বর: ২৩.০৮.০০০০.০০৪.৫৩.০০১.১৭.৮৯৬, তারিখ: ১৬ মে ২০২১

উর্ঘ্যুক্ত বিষয়ে অত্র অধিদপ্তরের সূত্রপত্রের মাধ্যমে ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার গৃহীত কার্যক্রমের অংশ হিসাবে অধিদপ্তরের উত্তম চর্চা (Best Practices) বিষয়ক প্রতিবেদন সদয় পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রমের জন্য এর সঙ্গে প্রেরণ করা হলোঃ

**ক) দাপ্তরিক কাজে অনলাইন রেসপন্স সিস্টেম ( ই-মেইল, এসএমএস) এর ব্যবহার:**

বাংলাদেশ জরিপ অধিদপ্তরে আভ্যন্তরীণ অনলাইন রেসপন্স সিস্টেম যথা ই-মেইল, এসএমএস এর মাধ্যমে অনেক ক্ষেত্রে দাপ্তরিক কাজ সমাধান করা হয়। প্রতিরক্ষা মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয় এবং বহিঃবিভাগীয় অন্যান্য প্রতিষ্ঠানের সাথে ই-মেইল, এসএমএসের মাধ্যমে দাপ্তরিক পত্র আদান-প্রদান করা হয়। সম্প্রতি বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক অনলাইনে ম্যাপ বিক্রয় কাজ সম্পন্ন করা হচ্ছে। এই ব্যবস্থায় দাপ্তরিক কাজ সম্পাদনের ফলে সরকারি সম্পদ ও সময়ের অপচয় রোধ করা সম্ভব হচ্ছে এবং যে কোন বিষয়ে দ্রুত গতিতে সিদ্ধান্ত প্রদান সম্ভব হচ্ছে।

**খ) দাপ্তরিক সকল কাজে ইউনিকোড এর ব্যবহার:**

বাংলাদেশ জরিপ অধিদপ্তরে সকল স্তরে ইউনিকোড ব্যবহার করা হচ্ছে। ইউনিকোড ব্যবহারে দাপ্তরিক পত্রালাপ সহজ সাধ্য ও কর্ম সহায়ক হয়েছে।

**গ) ই-নথির ব্যবহার:**

অত্র অধিদপ্তরে সকল স্তরে ১০০% দাপ্তরিক কাজ ই-নথির মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। ই-নথির ব্যবহারে সচিবালয় নির্দেশমালা ২০১৪ যথাযথভাবে অনুসৃত হচ্ছে। সকল দাপ্তরিক কাজ ইলেকট্রনিক পদ্ধতিতে সম্পন্ন হওয়ায় সরকারি কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়েছে।

**ঘ) ই-টেন্ডার / ই-জিপির মাধ্যমে ক্রয়কার্য সম্পাদন:**

বাংলাদেশ জরিপ অধিদপ্তরের ক্রয় কার্য ই-টেন্ডার / ই-জিপির মাধ্যমে শুরু করা হয়েছে। এর ফলে সরকারি ক্রয়কার্যে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়েছে এবং সরকারি অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত হয়েছে।

**ঙ) সরকারি ক্রয় কাজে PPA ২০০৬ ও PPR ২০০৮ অনুসরণ:**

সরকারি সকল ক্রয় কাজে PPA ২০০৬ ও PPA ২০০৮ যথাযথভাবে অনুসরণ করা হয়। এর ফলে সরকারি সম্পদ ও সরকারি অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত হয়েছে।

**চ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা:**

অধিদপ্তরে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও আপীল কর্মকর্তা নিয়োগ দেওয়া হয়েছে এবং অভিযোগ প্রতিকার বক্স স্থাপন করা হয়েছে। অভিযোগ প্রতিকার ব্যবস্থার ফলে অধিদপ্তরে সুস্থ কর্ম পরিবেশ বিরাজ করছে।

**ছ) অধিনস্ত অফিস/ইউনিট সমূহ আকস্মিক পরিদর্শন:**

অফিসের কাজে গুণগতমান যাচাই এবং দাপ্তরিক কাজ পরিচালনার ক্ষেত্রে কোন সমস্যা বিদ্যমান থাকলে তা চিহ্নিত করার জন্য অধিনস্ত অফিস/ইউনিটসমূহ পরিদর্শন করা হয়।

**জ) ১৭-২০ তম গ্রেডের কর্মচারীদের মাসিক ভিত্তিতে ডিলের ব্যবস্থা:**

বাংলাদেশ জরিপ অধিদপ্তরের ১৭-২০ তম গ্রেডের কর্মচারীদের (প্রাক্তন ৪র্থ শ্রেণি) মানসিক উন্নয়ন, কর্মদক্ষতা বৃদ্ধি ও সরকারি দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সচেতন করার জন্য আলোচ্য কর্মচারীদের প্রতিমাসে একত্রিত করে ডিলের ব্যবস্থা করা হয়। এত করে ১৭-২০ গ্রেডের নিম্ন পর্যায়ের কর্মচারীদের নৈতিক ও দাপ্তরিক উন্নতি সাধিত হয়।

**ঝ) দপ্তরের সেবা মূল্য/ ফিস প্রদানের ক্ষেত্রে গৃহীত অর্থের রশিদ প্রদান নিশ্চিতকরণ:**

অত্র অধিদপ্তর কর্তৃক ম্যাপ/এরিয়াল ফটোগ্রাফ/ডাটা ইত্যাদি বিক্রয়ের ক্ষেত্রে আবশ্যিকভাবে গৃহীত অর্থের রশিদ প্রদান করা হয়। এত করে অর্থনৈতিক কর্মকান্ডের স্বচ্ছতা নিশ্চিত করা সম্ভব হয়।

**ঞ) বকেয়া বিদ্যুৎ, পানি ও জ্বালানী বিল প্রদান:**

বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক যথাসময়ে বিদ্যুৎ, পানি ও জ্বালানী বিল পরিশোধ করা হয়।

২। বিষয়টি অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য এর সঙ্গে প্রেরণ করা হলো।

১২-১২-২০২১

ব্রিগেডিয়ার জেনারেল মোঃ হাবিবুল হক

সার্ভেয়ার জেনারেল

ফোন: ৮১৭০০৮০

ফ্যাক্স: ৮১৭০০৭৮

ইমেইল: [sg@sob.gov.bd](mailto:sg@sob.gov.bd)

সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স,  
শেরেবাংলানগর, ঢাকা

স্মারক নম্বর: ২৩.০৮.০০০০.০০৪.৫৩.০০১.১৭.৬৬১/১

তারিখ: ২৭ অগ্রহাষণ ১৪২৮  
১২ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) ফোকাল পয়েন্ট, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও অতিরিক্ত সচিব, বাজেট অধিশাখা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, শেরেবাংলানগর, ঢাকা

১২-১২-২০২১

ব্রিগেডিয়ার জেনারেল মোঃ হাবিবুল হক

সার্ভেয়ার জেনারেল